আসছে ‘রং ঢং’ সিনেমা

written by Chandradip News24 | November 5, 2024

চন্দ্রদ্বীপ ডেস্ক :: চলচ্চিত্র নির্মাতা আহসান সারোয়ারের নতুন সিনেমা ‘রং ঢং’ আগামী ৮ নভেম্বর প্রেক্ষাগৃহে মুক্তি পাচ্ছে। সিনেমাটির নির্মাণ কাজ অনেক আগে শেষ হলেও, সেন্সর বোর্ডের ছাড়পত্র পাওয়ার পর এটি মুক্তির অপেক্ষায় ছিল।

সিনেমাটির প্রযোজক আহসান জুবায়ের জানান, মুক্তির জন্য সব ধরনের প্রস্তুতি চলছে। ‘রং ঢং’ সিনেমায় বিভিন্ন চরিত্রে অভিনয় করেছেন তারিক আনাম খান, আরমান পারভেজ মুরাদ, লুৎফর রহমান জর্জ, স্বাধীন খসরু, ফারুক আহমেদ, শবনম পারভীন, এজাজুল ইসলাম, জামিল, প্রাণ রায়, অর্ণব খান, সোহেল মন্ডলসহ আরও অনেক তারকা।

সিনেমাটির সংগীত পরিচালনা করেছেন ফুয়াদ নাসের বাবু, পান্থ কানাই, মাহমুদুল হাসান রোমান্স, শামিম আলম বুলেট এবং তাসনুব। গানগুলোতে কণ্ঠ দিয়েছেন পান্থ কানাই, কিশোর, সুমিত, জামিল হোসেন, আদি।